# ভোরের কাগজ

MAR. 29 2[illegible]

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

## গৃদকালিন্দিয়া কলেজে হামলার ঘটনায় ১২ জনের বিরুদ্ধে মামলা

ফারুক আহম্মদ, চাঁদপুর থেকে : ফরিদগঞ্জ উপজেলার গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত কলেজে সশস্ত্র হামলা, মারধর, বঙ্গবন্ধুর প্রতিকৃতি ভাঙচুরের ঘটনায় অবশেষে জননিরাপত্তা আইনে কলেজের ৬ শিক্ষকসহ মোট ১২ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। অভিযুক্তরা সবাই গা-ঢাকা দিলেও এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

গত ২৪ মার্চ দুপুরে এক অপ্রীতিকর ঘটনায় উত্তেজিত কজন শিক্ষক বহিরাগতদের নিয়ে অধ্যক্ষ মশিউর রহমানকে চরমভাবে লাঞ্ছিত করে এবং গভর্নিং বডির সহসভাপতি শামছুদ্দোহাকে বেদম মারধর করে। তারা কলেজের ঐ অধ্যক্ষের কক্ষে ব্যাপক ভাঙচুর চালায়। এ ঘটনায় গত ২৫ মার্চ রাতে অধ্যক্ষ মশিউর রহমান বাদী হয়ে জননিরাপত্তা আইনে মোট ১২ জনকে অভিযুক্ত করে থানায় মামলা করেন।

কলেজে ভাঙচুরের ঘটনা সম্পর্কে গত মঙ্গলবার দুপুরে চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার ভোরের কাগজকে বলেন, তিনি ঘটনাস্থলে গিয়ে ভাঙচুরের আলামত দেখেছেন। অভিযুক্তদের গ্রেপ্তারের জোর তৎপরতা চলছে।

একটি সূত্র জানিয়েছে কলেজের ৩৯ জন শিক্ষক কর্মচারীর কলেজ অংশের বেতন কর্তৃপক্ষ বন্ধ ঘোষণা করলে নন-এমপিও শিক্ষকরা বিক্ষুব্ধ হয়ে উঠেন। জানা গেছে, এমপিওভুক্ত করা হবে এমন আশ্বাস দিয়েই তাদেরকে এখানে চাকরি দেওয়া হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত কর্তৃপক্ষ তাদের সঙ্গে কথা রাখেনি। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ বলছে এদের অনেকেই তৃতীয় বিভাগধারী। ফলে সরকারের নতুন নিয়মে এদের এমপিওভুক্ত করা যায়নি।